দৈনিক জনকণ্ঠ

MAR 19 2001

তারিখ ...........
পৃষ্ঠা ৬ কলাম ........

# নিরক্ষরতা দূর করতে জাগ্রত হবিগঞ্জের যাত্রা শুরু ॥ উদ্বোধন করলেন অর্থমন্ত্রী

**হবিগঞ্জ, ১৮ মার্চ, নিজস্ব সংবাদদাতা ॥** সার্বিক সাক্ষরতা আন্দোলন (টিএলএম) কর্মসূচীর "জাগ্রত হবিগঞ্জ"-এর শুভ উদ্বোধন উপলক্ষে শনিবার এক সমাবেশে অর্থমন্ত্রী শাহ এএমএস কিবরিয়া বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রতিটি অঙ্গীকার অক্ষরে অক্ষরে পালন করে জাতির কাছে তাঁর বিশ্বস্ততা প্রমাণ করেছেন।

জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল আজিজের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন শিক্ষা প্রতিমন্ত্রী সতীশ চন্দ্র রায়, দেওয়ান ফরিদগাজী এমপি, এনামুল হক মোস্তফা শহীদ এমপি, আবু লেইছ মোঃ মুবিন চৌধুরী এমপি। জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক এ্যাডঃ আবু জাহির, সেক্রেটারি ডা. মুশফিক হোসেন, এডিসি জেনারেল প্রমরেশ চন্দ্র মজুমদার, হবিগঞ্জ পৌরসভার চেয়ারম্যান শহীদ চৌধুরী, পুলিশ সুপার রহমত জাহান শিকদার, উপ-আনুষ্ঠানিক শিক্ষা অধিদফতরের পরিচালক মোঃ শফিউল্লাহ, হবিগঞ্জ জেলা ইউনিয়ন চেয়ারম্যান সমিতির সভাপতি রইছ মিয়া ও সিভিল সার্জন ডাঃ হোসনে আরাসহ প্রমুখ।